

DRAFT COPY

## বিক্রয় কোবালা

মূল্য -

থানা - কোতুলপুর

(2)

ক্রেতা - শ্রী .....,পিতা .....,জাতি....., ভারতীয় নাগরিক,পেশা-.....,  
সাং-....., .....,পোঃ-....., থানা-.....,জেলা-.....। পিন কোড - রাজ্য -  
পশ্চিমবঙ্গ। ক্রেতার PAN NO-.....।

বিক্রেতা - দি পিয়ারলেস জেনারেল ফিনান্স এ্যান্ড ইনভেস্টমেন্ট কোম্পানী  
লিমিটেড একটি বিধিবদ্ধ কোম্পানী আইন, ১৯৫৬ অনুসারে সংবিধিবদ্ধ এবং  
উক্ত কোম্পানীর পক্ষে বর্তমান ডেপুটি জেনারেল ম্যানেজার (প্রজেক্টস) শ্রী  
দেবশীষ দত্ত পিতা শ্রী নরেন্দ্র কুমার দত্ত, জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা-  
চাকুরী, সাং- ৩নং, ধর্মতলা পূর্ব, থানা-হেয়ার স্ট্রীট, কোলকাতা-৭০০০৬৯।  
রাজ্য - পশ্চিমবঙ্গ। PAN NO-AABCT3043L।

কস্য রায়ত স্বকর স্বত্বীয় জমায় বাস্তু তদু পরিস্থিত .....নং ব্লক নামাঙ্কিত .....  
তলার ..... নম্বর ফ্ল্যাট ও তৎসহ গ্যারেজ নং ....., ব্লক নং ...এর বিক্রয় কোবাল  
পত্র মিদং কার্য্যাধগগে।

জেলা বাঁকুড়া থানা কোতুলপুর সামিল জে.এল.নং ১৬৫ হলদী মৌজায়  
এল.আর.খতিয়ান নং ৬৬,এল.আর.দাগ নং ৬৪১ দাগে শ্রী দশরথী রায় ১৯৮৭  
সালে ৬ই নভেম্বর কোতুলপুর এ.ডি.এস.আর. অফিসে ৫৫৯৫ নম্বর বিক্রয়  
কোবালা দলিলে পুকুরিয়া গ্রাম নিবাসী প্রয়াত শ্রী অধীর চন্দ্র বিশ্বাসের পুত্র শ্রী  
সাধন চন্দ্র বিশ্বাস কে ৪২ শতক সম্পত্তি বিক্রয় করেন শ্রী সাধন চন্দ্র বিশ্বাস  
৬ই নভেম্বর ১৯৮৭ সালে কোতুলপুর এ.ডি.এস.আর. অফিসে ৫৫৯৭ নং  
বিক্রয় কোবালা দলিলে হলদী গ্রাম নিবাসী শ্রী তারাপদ দে এর পুত্র শ্রী গঙ্গাধর  
দে ও শ্রী গুণধর দে উভয়ে অর্ধেক অংশ করে অর্থাৎ মোট কমবেশী ২১ শতক

করে মালিক হয় শ্রী গঙ্গাধর দে ও শ্রী গুণধর দে দুটি পৃথক পৃথক বাংলা দলিলের মাধ্যমে ২০১০ সালে ২৫শে মে কোতলপুর এ.ডি.এস.আর. অফিসে ১ নং বহির ৩নং সিডি ভল্যুমে ৪৫৮৭-৪৫৯৯ নং পৃষ্ঠায় রেজিস্ট্রীকৃত ০১০৩০ নম্বর দলিলে ২১ শতক সম্পত্তি ও ১নং বহির ৩নং সিডি ভল্যুমে ৪৬০০-৪৬১২ নং পৃষ্ঠায় রেজিস্ট্রীকৃত ০১০৩১ নম্বর দলিলে ২১ শতক সম্পত্তি মোট কমবেশী ৪২শতক সম্পত্তি বিক্রেতাগণ দি পিয়ারলেস জেনারেল ফিনান্স এ্যান্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড এর পক্ষে বর্তমান ভাইস প্রেসিডেন্ট এর নামে রেজিস্ট্রী করিয়াছেন ।

জেলা বাঁকুড়া থানা কোতুলপুর সামিল জে.এল.নং ১৬৫ হলদী মৌজায় এল.আর.খতিয়ান নম্বর ১১৪,এল.আর.দাগ নম্বর ৬৪২ দাগে ৫৮ শতক সম্পত্তি হলদী গ্রাম নিবাসী প্রয়াত বীরেন্দ্র মণ্ডলের সম্পত্তি ছিল তাহা তিনি বর্তমানে এল.আর.এ. রেকর্ড করাইয়া দখলীকার থাকাবস্থায় পরলোক গমন করিলে পর তাহার স্ত্রী শ্রীমত্যা কল্যাণী মণ্ডল ও এক পুত্র শ্রী মলয় মণ্ডল ও দুই কন্যা শ্রীমতী তনুশ্রী মণ্ডল ও শ্রীমতী মাতু মণ্ডল (ঘোষ) প্রত্যেকে ১/৪ অংশের করে উত্তরাধিকার ও উত্তরাধিকারিনী স্বত্ত্বে সম্পূর্ণ মোট কমবেশী ৫৮ শতক সম্পত্তির মালিক হয় মালিক হইয়া দুটি পৃথক পৃথক বাংলা দলিলের মাধ্যমে গত ইংরাজী ২০১০ সালের ২৫শে মে কোতলপুর এ.ডি.এস.আর. অফিসে বাঁকুড়া জেলার কোতুলপুর থানার হলদী গ্রাম নিবাসী শ্রী মলয় মণ্ডল ও বাঁকুড়া জেলার কোতুলপুর থানার মসিনাপুর গ্রাম নিবাসী শ্রী বৈদ্যনাথ ঘোষ এর স্ত্রী শ্রীমতী মাতু মণ্ডল (ঘোষ) ১নং বহির ৩নং সিডি ভল্যুমে ৪৬২৫-৪৬৩৭ নং পৃষ্ঠায় ০১০৩৩ নং দলিলে রেজিস্ট্রীকৃত ২৯ শতক সম্পত্তি ও বাঁকুড়া জেলার কোতুলপুর থানার হলদী গ্রাম নিবাসী শ্রীমত্যা কল্যাণীমণ্ডল ও শ্রীমতী তনুশ্রী মণ্ডল ১নং বহির ৩নং

সিডি ভল্যুমে ৪৬৩৮-৪৬৫০ নং পৃষ্ঠায় রেজিস্ট্রীকৃত ০১০৩৪ নং দলিলে ২৯ শতক সম্পত্তি মোট কমবেশী ৫৮ শতক সম্পত্তি বিক্রেতাগণ

দি পিয়ারলেস জেনারেল ফিনান্স এ্যান্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড এর পক্ষে বর্তমান ভাইস প্রেসিডেন্ট এর নামে রেজিস্ট্রী করিয়াছেন।

জেলা বাঁকুড়া থানা কোতুলপুর সামিল জে.এল.নং ১৬৫ হলদী মৌজায় এল.আর.খতিয়ান নং ২৪১, এল.আর.দাগ নং ৫৩৬ দাগে ২০.৫ শতক সম্পত্তি হলদী গ্রাম নিবাসী প্রয়াত শ্রী ইন্দ্রনারায়ণ সরকার এর পুত্র শ্রী দিবাকর সরকার ৯ই এপ্রিল ১৯৮৬ সালে কোতুলপুর এ.ডি.এস.আর. অফিসে ২৪২১ নং দানপত্র দলিল মূলে প্রাপ্ত হইয়া দখলীকার থাকিয়া গত ইংরাজী ২০১০ সালের ১৩ই অক্টোবর কোতুলপুর এ.ডি.এস.আর. অফিসে ১নং বহির ৭নং সিডি ভল্যুমে ১৭০৯-১৭২২ নং পৃষ্ঠায় ০২২০০ নং দলিলে পিয়ারলেস ডেভেলপার লিমিটেড ১৩ এ ডেকার্স লেন কোলকাতা ৭০০০৬৯ কে হস্তান্তর করিয়াছেন। উপরিউক্ত সম্পত্তিটি ক্রয়ের মাধ্যমে পিয়ারলেস ডেভেলপার লিমিটেড বাংলা বিক্রয় কোবালা দলিলে কোতুলপুর এ.ডি.এস.আর. অফিসে ১নং বহির ৪নং সিডি ভল্যুমে ২০৫৯-২০৭২ নং পৃষ্ঠায় রেজিস্ট্রীকৃত ০০৬৯৬ নং দলিলে মোট কমবেশী ২০.৫ শতক সম্পত্তি ২০১২ সালের ১১ই এপ্রিল দি পিয়ারলেস জেনারেল ফিনান্স এ্যান্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড এর পক্ষে বর্তমান ভাইস প্রেসিডেন্ট এর নামে রেজিস্ট্রী করিয়াছেন।

উপরিউক্ত দলিলের মাধ্যমে জেলা বাঁকুড়া থানা কোতুলপুর সামিল জে.এল.নং ১৬৫ হলদী মৌজায় এল.আর.খতিয়ান ৬৬,১১৪ ও ২৪১ নং খতিয়ান হইতে এল.আর. ৬৪১,৬৪২ ও ৫৩৬ দাগে মোট কমবেশী ১২০ শতক অর্থাৎ ৩ বিঘা

সম্পত্তি দলিলে প্রথম তপশীলে বর্ণিত সম্পূর্ণ রূপে দখলিকার থাকিয়া বর্তমান এল.আর.এ. ৩২০ নং খতিয়ানে দি পিয়ারলেস জেনারেল ফিনান্স এ্যান্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড এর পক্ষে বর্তমান ভাইস প্রেসিডেন্ট এর নামে কোতুলপুর বি.এল.এ্যাণ্ড এল. আর.ও. অফিসে রেকর্ড করাইয়া ও শালি থেকে বাস্তুতে রূপান্তরিত করাইয়া দখলীকার আছি ।

বাঁকুড়া জেলার কোতুলপুর থানার সিহড় গ্রাম পঞ্চায়েতের অধীনে হলদি মৌজায় ৫৩৬, ৬৪১ ও ৬৪২ দাগ (এক্ষনে উপরিলিখিত জায়গাকে বোঝানো হচ্ছে) এবং বিশেষত প্রথম তপশীলে বর্ণনা করা হইয়াছে ।

ক্রেতাগণ বিক্রেতার সহিত \_\_\_\_\_ তারিখে একটি বায়নানামা চুক্তিপত্র দ্বারা রাজি হয়ে কিনেছেন ঐ সমগ্র অবিভক্ত যোগ্য আনুপাতিক ভাগ অনুসারে উপরিউল্লিখিত আবাসনের জমির উপর ফ্ল্যাটগুলিতে ৫৩৬,৬৪১ ও ৬৪২ নম্বর দাগে \_\_\_\_\_ নং ব্লক বিল্ডিং এর \_\_\_\_\_ তলার \_\_\_\_\_ নং ফ্ল্যাটের ,কারপেট এরিয়া \_\_\_\_\_ বর্গ মিটার/বর্গফুট জুড়ে অবস্থিত (কমবেশী) (এইখানে উপরিলিখিত একটিকে বোঝানো হচ্ছে) একই সঙ্গে সমস্ত সাধারণ সুবিধা এবং সাধারণ যৌথ জায়গার অধিকার সমেত দ্বিতীয় তপশীলে বর্ণিত সমস্ত কিছু বিবেচনা করে টাকার মূল্য ধার্য হইল উপরিলিখিত ফ্ল্যাটের অধিকার ক্রেতাগণকে দেওয়া হইল এক্ষনে এই চুক্তিপত্র সাক্ষী সহ মূল্য \_\_\_\_\_ (\_\_\_\_\_) টাকা এবং কারপেট এরিয়া \_\_\_\_\_ বর্গমিটার/বর্গফুট পরিমাণ আবাসন চুক্তি অনুসারে দেওয়া হইল ক্রেতাগণকে এবং ক্রেতাগণ বিক্রেতার নিকট হইতে আবাসন পাইল (উভয় পক্ষ ক্রেতাগণ এবং বিক্রেতা স্ব স্ব ইচ্ছায় সমস্ত মর্মে রাজী হইল ।) চিরদিনের জন্য ক্রেতাগণকে দেওয়া হইল

এবং উপরিল্লিখিত ৫৩৬, ৬৪১ ও ৬৪২ নম্বর দাগে \_\_\_\_\_নং ব্লক আবাসনে  
\_\_\_\_\_ তলেতে ,কারপেট এরিয়া \_\_\_\_\_

বর্গ মিটার/বর্গফুট এলাকা অবিভক্ত শেয়ারের আনুপাতিক হারে সমস্ত যৌথ স্থান  
যাহা সকলে ব্যবহার্য এলাকা সহ হলদী মৌজার কোতলপুর থানার সিহড় গ্রাম  
পঞ্চায়েতের বাঁকুড়া জেলার এই এলাকাটি যেটি বিস্তারিত ভাবে দ্বিতীয়  
তপশীলে উল্লেখ করা হইয়াছে এবং শর্ত ও চুক্তি অনুসারে ক্রেতার পক্ষ হইতে  
নীরিষ্কনের পর ক্রেতাগণ এবং বিক্রেতা উভয়ের সম্মতিক্রমে সম্পত্তি হস্তান্তর  
করে নিশ্চিতভাবে নিবন্ধন করল।

প্রথম তপশীলের উল্লেখ অনুযায়ী উপরিল্লিখিত এলাকা পারত পক্ষে উহার  
যেকোন অংশ যেকোন সময় অথবা পরবর্তী সময় নিজেদের মধ্যে ব্যবহার করা  
যাবে এবং তারা পূর্ণ অধিকার পাবে নিজেদের শর্তাধীকার রেখে ব্যবহার করিতে  
পারিবে এবং বিক্রতা অন্যান্য অধিকারিদের সঙ্গে ঐ আবাসনের প্রবেশ পথ ও  
প্রবেশ দরজা, সাধারণ চলাচলের জায়গা, গভীর নলকূপ,বিদ্যুৎ সংযোগ, সিঁড়ি,  
লিফট, এবং অন্য সমস্ত অধিকার পাইবে এবং তারা ব্যবহার করিতে পারিবে  
সেই সমস্ত অধিকারগুলি এক্ষনে দেওয়া হইল সম্পূর্ণভাবে চিরকালের জন্য  
ক্রেতাগণ ও বিক্রেতা রাজী হইল ক্রেতাগণ বিক্রয়ের জন্য ইচ্ছা প্রকাশ করিলে  
তাহা তিনি বিক্রয় করিতে পারিবেন এবং পরবর্তী ক্রেতাগণ আবাসন সমিতিতে  
নিজের নাম নথিভুক্ত করিতে বাধ্য থাকিবেন এবং আবাসন সমিতির নিয়মাবলী  
মানিয়া চলিতে বাধ্য থাকিবেন ক্রেতাগণ মাতৃধামের জন্য গঠিত আবাসিক  
সমিতির সভ্য হইতে বাধ্য থাকিবেন এবং ঐ ক্রেতাগণের অবর্তমানে যেকোনো  
ওয়ারিশগণ ওই আবাসন বিক্রয় করিতে পারিবেন ক্রেতাগণ এবং অন্যান্য  
সকল ক্রেতাগণেরা উক্ত আবাসিক সমিতির নিয়মাবলী মানিয়া চলিতে বাধ্য

থাকিবেন যতদিন আবাসিক সমিতি গঠিত না হয় ততদিন বিক্রেতা দ্বারা তৈরী করা নিয়মাবলী মানিয়া চলিতে বাধ্য থাকিবেন । ক্রেতাগণ মাতৃধামের রক্ষণাবেক্ষণের খরচ, যাহা ৪র্থ তপশীলে বর্ণিত আছে তাহা সমানুপাতিক হার তৎসহ সরকার নির্ধারিত কর বিক্রেতার কাছে দিতে বাধ্য থাকিবেন ভবিষ্যতে রক্ষণাবেক্ষণের খরচ বৃদ্ধি পাইলে তাহা পরিবর্তিত হইবে নিম্নলিখিত শর্তগুলি অদ্য তারিখ হইতে ক্রেতাগণ মানিয়া চলিতে বাধ্য থাকিবেন ।

(১) সিহড় গ্রাম পঞ্চায়েতের অধিকৃত ক্রমাঙ্কে প্রথম তপশীলে লিখিত ক্রেতাগণ নিজ নিজ নামে রেকর্ডভুক্ত করা ও নিয়মিত ভাবে তার অংশের পঞ্চায়েত কর এবং সরকারী খাজনা পঞ্চায়েত অফিসে ও বি. এল. এণ্ড আর ও অফিসে নিজের দায়িত্বে দিতে বাধ্য থাকিবেন । অন্য দিকে বিক্রেতা পঞ্চায়েতের খাজনার দায় থেকে মুক্তি পাবেন ।

(২) ক্রেতাগণ নিজের খরচে বিক্রীত অংশটি মেরামত করিতে বাধ্য থাকিবেন ও ভালো অবস্থায় রাখিবেন ।

(৩) ক্রেতাগণ পার্টিশানের দেওয়াল, ড্রেন, নিকাশীব্যবস্থার সমস্ত রকম পাইপ লাইন ও অন্যান্য ফিটিংস ঐ আবাসনের তার গৃহের যে কোন অংশকে নিজের খরচে মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং সংরক্ষণ করিতে বাধ্য থাকিবেন ।

(৪) ক্রেতাগণ তার অংশ বসবাস ছাড়া অন্য কোন কাজে ব্যবহার করিভে পারিবেন না এছাড়া কোনো দাহ্য পদার্থ ও নিষিদ্ধ বস্তু মজুত করিতে পারিবেন না, যাহা আবাসনের অন্য সদস্যদের সমস্যার কারণ হতে পারে ।

(৫) বিক্রেতার বা আবাসিক সমিতির অনুমতি ছাড়া ক্রেতাগণ তার অংশের আবাসনের ভিতরে ও বাহিরের কোন অংশই কোন সময় ভাঙতে বা গড়তে পারিবেন না যাহা অনুমোদিত নক্সার ও মূল নির্মানের ক্ষতি করে।

(৬) প্রত্যেক ক্রেতাগণ যাবতীয় যৌথ সম্পত্তি ব্যবহারাদি স্বত্ব সমেত যাহা ৩ নং তপশীলে উল্লিখিত আছে তাহা রক্ষনাবেক্ষণ করিবেন আবাসন সমিতির সদস্য হতে বাধ্য থাকিবেন ও ঐ সমিতির যৌথ স্থান (জায়গা)রক্ষনাবেক্ষণ করিবেন।

(৭) ক্রেতাগণ আবাসনের কোথাও নিজস্ব সাইন বোর্ড, /নেমপ্লেট (নিজের ফ্লাট ছাড়া), নিওন আলো, প্রাচারের অথবা বিজ্ঞপ্তির/বিজ্ঞাপনের কোন জিনিসপত্র রাখতে বা লাগাতে পারবে না ক্রেতাগণ আবাসনের বাহিরের ও ফ্লাটের বারান্দা সহ বাহিরের দেওয়াল, জানলা ও দরজার কোথাও বিক্রেতার /আবাসনের ক্রেতা সমিতির দেওয়া নির্দিষ্ট রং অথবা আবাসনের বাহিরের নকশার কোনরূপ পরিবর্তন করতে পারিবেন না। এয়ারকন্ডিশন মেশিন বিক্রেতার / আবাসনের ক্রেতা সমিতির নির্দিষ্ট করে দেওয়া জায়গাতেই লাগাতে হবে। আবাসনের মূল নকশার সুন্দরতা যেন কখনো নষ্ট না হয় তার জন্য উপরোক্ত নিয়ম সকলকেই মানিয়া চলিতে হইবে।

(৮) ক্রেতাগণকে তাদের নিজস্ব আবাসনের ভিতরের বিদ্যুৎতের পরিকল্পনা ১.০০ কে.ভি.এর অনুরূপিতা অনুযায়ী করতে হবে এবং পরবর্তিকালে আবাসনের ক্রেতা সমিতির বা তাদের নিয়োগ করা কোন অনুমোদিত সংস্থার এই সংক্রান্ত নিয়ম মানিয়ে চলিতে হবে। ক্রেতাগণকে বিদ্যুৎসংস্থা থেকে তাদের নিজস্ব বিদ্যুৎতের মিটারের এবং তদসংক্রান্ত সিকিউরিটি ডিপোজিটের জন্য সমস্ত খরচা বহন করতে হবে। ক্রেতাগণের নিজস্ব এই বিদ্যুৎ সংক্রান্ত কাজের জন্য আবাসনের কোনরূপ ক্ষতি হলে তাহারা তারজন্য দায়ী থাকবেন।



(৯) পরবর্তী ক্ষেত্রে দি পিয়ারলেস জেনারেল ফিনান্স এ্যান্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেডর তরফ থেকে কোনো একটি বা সমস্ত বিল্ডিং এর উপর কোন নির্মাণ কার্য হইলে আবাসনের ক্রেতাগণের বা সমিতির কোনরূপ আপত্তি গ্রাহ্য হইবে না। এছাড়া আবাসনের সংলগ্ন জমিতে কোন নির্মাণ কার্য হইলে তাহাতে কাহারও কোন আপত্তি গ্রাহ্য হইবে না। পরবর্তীকালে জমিতে নির্মাণ কার্য হইলে আবাসনের সমস্ত বাসিন্দারা বা ক্রেতারা সমস্ত রকম যৌথ জিনিসগুলি যেমন রাস্তা, জল, বিদ্যুৎ, ড্রেন প্রভৃতি কমন সুবিধাগুলি সমভাবে ব্যবহারের অধিকারী হবেন সেইরূপ পিয়ারলেস সংস্থা (প্রোমোটর) ও এই সুবিধাগুলি সমভাবে ব্যবহারের অধিকারী থাকবে।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় মূল্যের বাবদ সম্যক টাকা আপোষে বুঝিয়া পাইয়া অত্র বিক্রয় কোবালা সম্পাদন করিয়া দিলাম ইতি সন \_\_\_\_\_ সালইংরাজীসাল।

### প্রথম তপশীল

(উপরে উল্লিখিত সম্পত্তির বিবরণ)

মৌজা	L.R. দাগ নম্বর	শ্রেণী	পরিমাণ	L.R. খতিয়ান নম্বর	জে.এল.নং
হলদী	৫৩৬	বাস্তু	২০.৫ শতক	৩২০	১৬৫
হলদী	৬৪১	বাস্তু	৪২ শতক	৩২০	১৬৫
হলদী	৬৪২	বাস্তু	৫৮ শতক	৩২০	১৬৫

চৌহুদী:- পূর্ব দিকে - ৬৪০ ও ৬৩৯ নং দাগে ব্যক্তিগত জায়গা ও ৬৪২  
দাগের অবশিষ্ট ভূমি ।

পশ্চিম দিকে - ৫৩৭ ও ৬৬০ নং দাগে ব্যক্তিগত জায়গা ও ৫৩৬  
দাগের অবশিষ্ট ভূমি ।

উত্তর দিকে - ভেস্টেড ল্যান্ড ও পি.ডব্লু.ডি রাস্তা ।

দক্ষিণ দিকে - ব্যক্তিগত জায়গা দাগ নং ৬৫৭, ৬৫৮ ও ৬৬০ ।

### দ্বিতীয় তপশীল

মাতৃধর্মের ব্লক নং \_\_\_\_\_ নামাঙ্কিত \_\_\_\_\_ তলের নির্দিষ্ট আবাসন \_\_\_\_\_  
নং এর কমবেশি, কারপেট এরিয়া \_\_\_\_\_ বর্গমিটার/ বর্গফুট নক্সায় লাল রঙে  
চিহ্নিত আছে \_\_\_\_\_ শয়নকক্ষ, \_\_\_\_\_ বসার ঘর বা খাবার ঘর,  
\_\_\_\_\_ রান্নাঘর, \_\_\_\_\_ শৌচাগার, \_\_\_\_\_ পূজার ঘর \_\_\_\_\_ বারান্দা এবং  
তৎসহ গাড়ী রাখার জায়গা যাহা কভারড গ্যারেজ নং \_\_\_\_\_ ব্লক  
নং \_\_\_\_\_, যাহা কমবেশি \_\_\_\_\_ বর্গমিটার / বর্গফুট এবং সমবন্টিত  
জমির ভাগ তৎসহ যৌথ সাধারণ এলাকা উপরিলিখিত মৌজা ও দাগ নম্বর যাহা  
সিহড় গ্রাম পঞ্চায়তের অন্তর্গত থানা কোতলপুর জেলা বাকুড়া ।

### তৃতীয় তপশীল

(নিম্নলিখিত সুবিধার বিবরণ)

- ১) প্রথম তপশীলে বর্ণিত অবিভক্ত জমির অংশ উপরিউক্ত বিল্ডিং এ অন্তর্ভুক্ত
- ২) সমস্ত পথ, জলনিকাশী নালা অবস্থিত উপরিউক্ত বিল্ডিং এ ।

- ৩) সিঁড়ি, ছাদ এবং সর্বসাধারণের ব্যবহার্য স্থানে আলোর ব্যবস্থা থাকিবে এবং প্রত্যেক বিল্ডিং এর ছাদ থেকে বজ্র-বিদ্যুৎ রোধ করার ব্যবস্থা আছে।
- ৪) নালা নিকাশী ব্যবস্থা এবং প্রধান জলের সংযোগ বিল্ডিং থেকে পঞ্চায়েত সংযোগের মধ্যে অবস্থিত।
- ৫) সিঁড়ি এবং সর্বসাধারণের ব্যবহারের নিমিত্ত স্থান উপরিলিখিত বিল্ডিং এ অবস্থিত।
- ৬) সীমানা প্রাচীর বা প্রধান প্রবেশ পথ।
- ৭) সুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট, প্রত্যেক বিল্ডিং এর ছাদে জলের ট্যাঙ্ক, জলের পাইপ এবং অন্যান্য জল সংযোগের ব্যবস্থা আছে।
- ৮) ইলেকট্রিক সাব-স্টেশন / ট্রান্সফারমার এবং প্রত্যেক বিল্ডিং এ বক্স লাগাবার ব্যবস্থা আছে।
- ৯) নিকাশী এবং জলের পাইপ বিল্ডিং থেকে পঞ্চায়েত বা পি.ডব্লিউ.ডি. ড্রেন পর্যন্ত।
- ১০) বিল্ডিং এর ছাদ।
- ১১) সবুজ ঘাসে ঢাকা সুন্দর বাগান সমৃদ্ধ আবাসনের ভিতরে প্রচুর গাছ লাগান আছে।
- ১২) বাগানের মধ্যে বসার জন্য গার্ডেন চেয়ারের ব্যবস্থা আছে।
- ১৩) বাগানের চারদিক দিয়ে গাড়ি চলাচলের রাস্তা।
- ১৪) গভীর নলকূপের মাধ্যমে ২৪ ঘণ্টা জল সরবরাহের ব্যবস্থা।
- ১৫) ডিজেল জেনারেটরের এর ব্যবস্থা।
- ১৬) আবাসনের ভিতরে নির্দিষ্ট জায়গায় সিসিটিভি ক্যামেরা লাগান আছে।
- ১৭) আবাসনের ভিতরে প্রত্যেক বিল্ডিং এর প্রত্যেক তলে অগ্নিনিরোধক যন্ত্র লাগানো আছে।
- ১৮) আবাসনের প্রধান গেটের সামনে সিকিউরিটির ঘর করা আছে।

- ১৯) আবাসনের ফ্রেতাদের সংগঠনের জন্য আবাসনের ভিতরে অফিস ঘর করে দেওয়া হয়েছে ।
- ২০) আবাসনের প্রত্যেক দিনের ময়লা আর্বজনা প্রত্যেক ফ্ল্যাট থেকে সংগ্রহ করার ট্রলি গাড়ি দেওয়া হয়েছে ।
- ২১) আবাসনের মধ্যে সাধারণের ব্যবহারের জন্য তিনটে টয়লেট করে দেওয়া হয়েছে ।
- ২২) আবাসনের ভিতরে প্রত্যেক বিল্ডিং এ চারজন ব্যক্তি বহনকারি লিফটের ব্যবস্থা আছে

### চতুর্থ তপশীল

( সাধারণ ব্যয়ের বিশদ বিবরণ )

- ১) **রক্ষণা বক্ষণ ;**- দেওয়াল রং বিল্ডিং এর সারাই কার্য পরিমার্জন প্রভৃতির সমস্ত ব্যয় যা বিল্ডিং সংক্রান্ত ।
- ২) **প্রয়োগ সংক্রান্ত :-** সমস্ত মেশিনারি বা যন্ত্রপাতি সাধারণের ব্যবহারের নিমিত্ত ব্যয় ।
- ৩) **কর্মচারী :-** সাধারণ উদ্দেশ্যে নিযুক্ত কর্মচারীদের সমস্ত খরচ এবং বেতন সংক্রান্ত ব্যয় ।
- ৪) **কর :-** পঞ্চায়েত এবং অন্যান্য সংস্থা নির্ধারিত কর সংক্রান্ত ব্যয় ।
- ৫) **সংরক্ষণ :-** তহবিলের গঠন বিভিন্ন পর্যায়ে বিল্ডিং সংক্রান্ত বিষয়ক ব্যয়ের জন্য ।
- ৬) **বিদ্যুৎ :-** সাধারণ ব্যবহারের নির্দিষ্ট অঞ্চলের বিদ্যুৎ খরচের ব্যয় ।

- ৭) বিমা :- ভূমিকম্প, আগুন বা মনুষ্যদ্বারা ক্ষয় ক্ষতি থেকে বিল্ডিং রক্ষার বিমা সংক্রান্ত ব্যয় I
- ৮) অন্যান্য খরচ :- সমস্ত রকমের খরচ সমিতি বা মালিক কর্তৃক নির্দিষ্ট সাধারণ উদ্দেশ্যে ব্যয় I

DRAFT COPY

কৈঃ অত্র দলিল স্ট্যাম্প সহ ফর্দে সমাপ্ত

জনা স্বাক্ষী রহিল I

দলিল প্রস্তুতকারক

শ্রী নিশাপতি রায়

সাং-তারাহাট, গোঘাট এ.ডি.এস.আর. অফিসের

ইসাদী-


৯/২৮ নং লাইসেন্স প্রাপ্ত লেখক

কম্পিউটার কারক

শ্রী রাজ কুমার ভূঁইয়া

সাং - আসলহরী

For The Peerless General Finance & Investment Co. Ltd.



Debashis Dutta  
Deputy General Manager (Projects)